যুগান্তর

তারিখ . 30 NOV 2016 ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

# কাপাসিয়ায় শিক্ষক নিয়োগে অনিয়ম : ছাত্রীদের বিক্ষোভ পরীক্ষা বর্জন

**কাপাসিয়া প্রতিনিধি**

গাজীপুরের কাপাসিয়ার টোক সরজুবালা বালিকা উচ্চ বিদ্যালয়ে শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে মঙ্গলবার সকালে ছাত্রীদের বিক্ষোভ, সমাপনী পরীক্ষা বর্জন ও বিদ্যালয়ে ভাংচুরের ঘটনা ঘটেছে। সোমবার থেকে ৬ষ্ঠ, ৭ম, ৯ম শ্রেণীর সমাপনী পরীক্ষা শুরু হওয়ার কথা থাকলেও বিশৃংখলার কারণে পূর্ব নির্ধারিত পরীক্ষা নেয়া সম্ভব হয়নি। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আবুল কালাম আজাদ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

জানা গেছে, গাজীপুর জেলার সর্বউত্তরের টোক সরজুবালা বালিকা উচ্চ বিদ্যালয়ে বাণিজ্য বিভাগের শিক্ষক প্রয়োজন ও সরকারি নির্দেশনা থাকাসত্ত্বেও রহস্যজনক কারণে সমাজ বিজ্ঞানের শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে। আর এতে ক্ষিপ্ত হয়ে পরীক্ষা বর্জনের ঘোষণা দেয়া বিক্ষুব্ধ শিক্ষার্থীরা। এ সময় পরীক্ষার কক্ষে তালা লাগিয়ে ছাত্রীরা বাইরে অবস্থান নেয়। ছাত্রীদের পরীক্ষা না দেয়ার সিদ্ধান্তে ক্ষুব্ধ হয়ে বিদ্যালয়ের নাজমুল কবির নামের এক শিক্ষক সন্ত্রাসীদের এনে ছাত্রীদের হুমকি-ধমকি ও লাঞ্ছিত করে। এতে আরও ক্ষিপ্ত হয়ে শিক্ষার্থীরা স্কুলের বিভিন্ন কক্ষে ভাংচুর চালায়। বিদ্যালয়ের স্টুডেন্ট কেবিনেট প্রধান ফাতেমাতোজ জোহরা ডলি বলেন, বাণিজ্য বিভাগের শিক্ষক নিয়োগ না দেয়া পর্যন্ত আমরা পরীক্ষায় অংশ নেব না। নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন শিক্ষক জানায়, সম্পূর্ণ নিয়ম বহির্ভূতভাবে রাতের আঁধারে শরীরচর্চা শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নিয়োগের পরই সমস্যা আরও প্রকট আকার ধারণ করে।

বিদ্যালয়ের সভাপতি চানমিয়া জানান, দীর্ঘদিনের সমস্যা একদিনে শেষ হওয়া সম্ভব নয়। একাধিক অভিভাবক জানান, ঐতিহ্যবাহী এই শিক্ষা প্রতিষ্ঠানটি নানাবিধ কোন্দলের কারণে শিক্ষাকার্যক্রম প্রায় ব্যাহত হয়। সময়মতো বার্ষিক পরীক্ষা না হওয়ায় কোমলমতি ছাত্রীদের ভবিষ্যৎ নিয়ে চিন্তিত আমরা।